

# মানবজমিন

বুধবার

২৫শে অক্টোবর ২০১৭



## ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে “মার্কেটিং সামুরাই” প্রতিযোগিতা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার: তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করতে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে গতকাল অনুষ্ঠিত হয় মার্কেটিং সামুরাই প্রতিযোগিতা। বাংলাদেশের জাতীয় পর্যায়ে মার্কেটিং প্রতিযোগিতাগুলোর মধ্যে এটি অন্যতম। এতে চ্যাম্পিয়ন ও ১ম রানার আপ সহ দুটিতেই জয়লাভ করে আইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিম “রিকগনাইজ” এবং “হ্যাসটাগ”, এবং ২য় রানার আপ হয় নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের টিম “ক্রিন স্টেট”। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিজনেস ক্লাব-এর উদ্যোগে ইউনিভার্সিটির নিজস্ব অডিটোরিয়ামে “মার্কেটিং সামুরাই” প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এম রিজওয়ান খান। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেডের মার্কেটিং প্রধান হিন্দল রায়, গ্রামীণফোনের মার্কেটিং ডিরেক্টর সুলাইমান আলম, ঢাকা ব্যাংক লিমিটেডের এফডিপি এবং কমিউনিকেশনস ও ব্র্যান্ডিং বিভাগের প্রধান খন্দকার আনোয়ার এহতেসাম, জেসিআই ঢাকা উত্তরের লোকাল প্রেসিডেন্ট দেলোয়ার হোসেন, ডাইরেক্টরেট অব স্টুডেন্ট অ্যাক্টিভিস্টের পরিচালক মো. মঞ্জুরুল হক খান। “মার্কেটিং সামুরাই” প্রতিযোগিতায় দেশসেরা ২৫টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ৬০টি টিম অংশগ্রহণ করে। ৩টি রাউন্ডের মাধ্যমে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ী ৩টি দলকে যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৭০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার চেক ও ট্রফি প্রদান করা হয়। এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী টিম নিজেদের বিভিন্ন পণ্য মার্কেটিং ও সেবা প্রদানের কৌশল প্রদর্শন করেন। অনুষ্ঠানের টাইটেল স্পন্সর ছিল স্পীড হেবিক এনার্জি এবং প্রাইজমানি স্পন্সর ছিল ঢাকা ব্যাংক লিমিটেড।